

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১২৯-আইন/২০২৩/১৭৩/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ মোতাবেক ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২৫-আইন/২০২১/১৪/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্তসমূহের শর্ত (২) এ উল্লিখিত “অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি” শব্দগুলির পরিবর্তে “অনুমোদনপত্রের ফটোকপি” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।